

শিক্ষক নিবন্ধন পরীক্ষা আজ ও কাল

যাযায়দিন বিশেষ

বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক হিসেবে নিয়োগের যোগ্যতা যাচাইয়ের জন্য আজ ২৩ ও আগামীকাল ২৪ আগস্ট নবম শিক্ষক নিবন্ধন পরীক্ষা হবে, যাতে অংশ নেবেন তিন লাখেরও বেশি প্রার্থী। এর মধ্যে স্কুল পর্যায়ে দুই লাখ পাঁচ হাজার ৪৭ জন এবং কলেজ পর্যায়ে এক লাখ নয় হাজার ৫৬৪ জন প্রার্থী অংশ নেবেন।

বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আজ সকাল সাড়ে ৮টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত স্কুল পর্যায়ের পরীক্ষা হবে। আর কলেজ পর্যায়ের পরীক্ষা হবে আগামীকাল সকাল ৯টা থেকে ১টা পর্যন্ত।

চারঘণ্টার পরীক্ষার মধ্যে প্রথম একঘণ্টা এমসিকিউ পদ্ধতিতে আবশ্যিক বিষয় এবং পরের তিনঘণ্টা ঐচ্ছিক বিষয়ের লিখিত পরীক্ষা হবে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) অধীনে এই পরীক্ষা হচ্ছে।